

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সিঙ্গিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।


নং- সিঙ্গিএ/হিসাব ও সিডিপিইউ/সভা-সেমিনার/৪০৩/৯৫৯

তারিখঃ ০৪/০১/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পেনশনারদের পেনশন ও ভাতা নির্ধারণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে তথ্য সন্নিবেশ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)- ৫২১ তারিখ: ১৫-১২-২০১৫ খ্রি: এর প্রেক্ষিতে এবং অর্থ বিভাগের ০৩/০১/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নলিখিত বিষয়সমূহ পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

- ১) সকল পেনশনারকে পিপিও বই, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও মোবাইল নম্বর জমা দিতে হবে। উল্লেখ্য, জানুয়ারী, ২০১৬ মাসের প্রথম সপ্তাহে যে সকল পেনশনার পেনশন নিতে হিসাবরক্ষণ অফিসে আসবেন তাঁদেরকে পরবর্তী মাসে পেনশন পুনঃনির্ধারণসহ বর্ধিত পেনশন গ্রহণ করার সুবিধার্থে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, মোবাইল নম্বর, পিপিও বই জমা দেয়ার জন্য সিএও, ডিসিএ, ডিএও এবং ইউএও গণ কর্তৃক পেনশনারদের অনুরোধ করতে হবে।
- ২) কোন পিপিও বই www.payfixation.gov.bd./pension এই ওয়েব সাইটে এন্ট্রি না করে বেতন আদেশ ২০১৫ অনুযায়ী পেনশন নির্ধারণ করা যাবে না।
- ৩) পেনশনারের কিছু সুনির্দিষ্ট তথ্য ওয়েব সাইটে এন্ট্রি করার পর একটি Auto Generated 'পেনশনার শনাক্তকরণ নাম্বার' পাওয় যাবে। উক্ত নাম্বারটি আবশ্যিকভাবে পিপিও বইতে উল্লেখ করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটানো যাবে না।
- ৪) কোন পিপিও বই এর তথ্য www.payfixation.gov.bd./pension ওয়েব সাইটে এন্ট্রি না করলে অথবা পিপিও বইতে Auto Generated 'পেনশনার শনাক্তকরণ নাম্বার' টি লাল কালিতে (সীল দিয়ে) উল্লেখ না করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।
- ৫) এ পদ্ধতি শুধু সরকারি পেনশনারদের জন্য প্রযোজ্য হবে। কোন স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের পেনশনারদের ক্ষেত্রে প্রয়োগ করা যাবে না।



(মোঃ কামরুল আলম)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন : ৯৩৬০৮৫৯।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ : জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, অতিরিক্ত সচিব (বাজেট-১)]
- ২। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ (PEMS) কর্মসূচি, ইউসেফ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতি: কর্মসূচি পরিচালক (iBAS++ ও একাউন্টস)]
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৫। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)। | অধীনস্থ সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসে অবগতির অনুরোধসহ।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৮। পিএস টু সিজিএ।



(মোঃ কামরুল আলম)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন : ৯৩৬০৮৫৯।